গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০১২.১২.১৭- ৮২/২(৬)   তারিখঃ ১৮.০২.২০১৮খ্রিঃ

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি'র (২০১৭-২০২২) অধীন "প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস" অপারেশনাল প্ল্যানের জনবল নিয়োগ তফসিলের অনুমোদনসহ নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: সিএমএসডি/প্রশাসন/ওপি/জনবল/৬৫৫, তারিখ: ২৫/০১/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP)'র অধীন "প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস"শীর্ষক অপারেশনাল প্ল্যানের পদ/জনবলের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত গত ১১.১২.২০১৭ তারিখে ৪৫.০০.০০০০.১৭২.০০২.০১৫.১৭-৩০৯স্মারকে ১-১০ গ্রেড পর্যন্ত এবং গত ১১.১২.২০১৭ তারিখে ৪৫.০০.০০০০.১৭২.০০২.০১৫.১৭-৩১০ স্মারকে ১১-২০ গ্রেড পর্যন্ত জনবল নিয়োগ/বাছাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে পদসমূহ পূরণ করার জন্য নিম্নোক্ত শর্তে নিয়োগ তফসিলের প্রশাসনিক অনুমোদনসহ নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

"প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস" লাইন ডাইরেক্টর অফিস (শূন্য পদে নিয়োগ)

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন ক্রম গ্রেড	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা	শূন্য পদের সংখ্যা	নিয়োগ পদ্ধতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
০১	বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার	৩	গ্রেড ৮ সাকুল্য বেতন	১৮-৩০	৩	সরাসরি	স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে বায়োমেডিকেল ইনজিনিয়ারিং-এ বিএসসি (প্রকৌশল) অথবা ইলেকট্রিক এন্ড ইলেকট্রোনিক ইনজিনিয়ারিং-এ বিএসসি (প্রকৌশল)	অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	শূণ্য
০২	আইটি প্রকৌশলী	১	গ্রেড ৯ সাকুল্য বেতন	১৮-৩০	১	সরাসরি	স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট হতে কম্পিউটার সাইন্স-এ বিএসসি (প্রকৌশল)	অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	শূণ্য
০৩	লিগ্যাল অফিসার	১	গ্রেড ৯ সাকুল্য বেতন	১৮-৩০	১	সরাসরি	আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	আইনজীবি হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা	শূণ্য
০৪	অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর	৫	গ্রেড ১৬ সাকুল্য বেতন	১৮-৩০	৫	সরাসরি	এইচ এস সি পাশ	(কম্পিউটার টাইপিং গতি ৪০ (বাংলা), ৬০(ইংরেজি) প্রতি মিনিট, কম্পিউটার এমএস ওয়ার্ড, এক্সে, পাওয়ার পয়েন্ট সম্পর্কে জ্ঞান থাকতে হবে।	শূণ্য

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

২। শর্তসমূহ :

(ক) এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগ তফসিল এবং সরকারী নিয়োগ সংক্রান্ত প্রচলিত সমস্ত বিধি-বিধান যথা-বয়স, শিক্ষাগত যোগ্যতা এবং মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য প্রচলিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) নিয়োগ তফসিলে বর্ণিত পদসমূহের বেতনভাতা সাকুল্য (কনসোলিডেটড পে) বেতনে চুক্তি ভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য) করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগ পত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;

(গ) প্রকৃত শূন্য পদ ব্যতিরেকে কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না;

(ঘ) গঠিত নিয়োগ কমিটির অনুমোদন ছাড়া কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না;
পূরণকৃত পদ পুনরায় শূন্য হলে নিয়োগের পূর্বে এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন বা অন্য কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৪০

লাইন ডাইরেক্টর
"প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস"
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং-৪৫.০০.০০০০.১৭২.০১২.১২.১৭-৬২/১(৬) তারিখঃ ১৮.০২.২০১৮খ্রিঃ

অনুলিপি ঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

21-02 2018

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০২.১৪-৬১ তারিখঃ ১৯.০২.২০১৮খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সেগুন বাগিচা, ঢাকা ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন "শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ(কোড-৫-২৭১১-৫০১৭)"শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপির অনুমোদিত বিভাজনের আলোকে বরাদ্দকৃত অর্থ হতে ২য় কিস্তির অর্থছাড় প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ২৭.০৭.২০১৭ তারিখের ৪৫.০০ .০০০০.১৭২.০২.০০২.১৪-২৪৫ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে "শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ (কোড-৫-২৭১১-৫০১৭)" শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপির বরাদ্দ হতে জিওবি খাতে ২য় কিস্তিতে ৬২৫.০০ লক্ষ (ছয় কোটি পঁচিশ লক্ষ) (রাজস্ব- ২৫.০০ লক্ষ + মূলধন- ৬০০.০০ লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	ডিপিপির নাম ও কোড নম্বর	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	জিওবি		আরপিএ (জিওবি)		মোট অবমুক্ত অর্থ
				রাজস্ব	মূলধন	রাজস্ব	মূলধন	
১	২	৩	৪	৫	৭	৬		৮
স্বাস্থ্য অধিদপ্তর	শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ" (কোড (কোড নং-৫-২৭১১-৫০১৭)	অনুমোদিত	২য় কিস্তি বাবদ জিওবি অর্থ	২৫.০০	৬০০.০০	-	-	৬২৫.০০

শর্তাবলীঃ

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবে;
(গ) এই ব্যয় ২০১৭-১৮ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের "শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ" শীর্ষক ডিপিপি হতে বহন করা হবে; এক খাতের অর্থ আরেক খাতে ব্যয় করা যাবে না;
(ঘ) প্রশিক্ষণের ক্ষেত্রে,সরবরাহ ও সেবার ক্ষেত্রে, সম্পদ সংগ্রহ ও অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে ব্যয় মঞ্জুরীসহ প্রশাসনিক অনুমোদন গ্রহণ, অর্থ ব্যয়ের মনিটরিং রিপোর্ট এবং বিস্তারিত ব্যয়ের তথ্য প্রেরণ করতে হবে; এবং
(ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।

০২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বা/.

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

J:\G\OP-2017-2022\SHEIK Lutfor Dental College.docx

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০২.১৪-৬১/১(৯) তারিখঃ ১৯.০২.২০১৮খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মপ্রধান, স্বাস্থ্য উইং,আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ,পরিকল্পনা কমিশন,শেরে বাংলা নগর, ঢাকা।
৪। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। যুগ্মপ্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

১৯.০২.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.৮৪.২০০৪(৬ষ্ঠ খন্ড)-৬৩ তারিখঃ ১৮.০২.২০১৮খ্রিঃ

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জাতীয় এ্যাজমা সেন্টার, মহাখালী, শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩৮(আটত্রিশ)টি পদ জনবলসহ রাজস্বখাতে স্থানান্তরের লক্ষ্যে বেতনস্কেল নির্ধারণ সংক্রান্ত।

সূত্র : জাতীয় এ্যাজমা সেন্টার, মহাখালী, ঢাকা এর পত্র জাববইহা/নিয়োগ/২০০৩/, তারিখ: ০৪.০২.২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় জাতীয় এ্যাজমা সেন্টার, মহাখালী শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩৮(আটত্রিশ)টি পদ জনবলসহ রাজস্বখাতে স্থানান্তরের লক্ষ্যে বেতনস্কেল নির্ধারণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮ সেপ্টেম্বের ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৫৯.০০.০৪৫.১২-৩৭৩ নং স্মারকের(গ) শর্তানুযায়ী বিশেষ বিধিমালা প্রস্তুত করে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর স্বাক্ষরক্রমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮.০২.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

পরিচালক
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও
হাসপাতাল, মহাখালী, ঢাকা।

অনুলিপি :

১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২। যুগ্ম-সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১০১.০১.১৭- ৬৪ তারিখঃ ১৮.০২.২০১৮খ্রি:

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল অস্থায়ী রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পত্রের শর্ত সংশোধন প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ বিভাগের পত্র নং- অম/অবি/বা-৪/৫-২৭(২)/০৫ (অংশ)/৮৩, তারিখ: ০৮.১১.২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচেছ, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ০৩ (তিন) জন জনবলকে অস্থায়ী রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১১.০৯.২০১৭ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৭০.১৫.০২২. ১৭-২৪৬ স্মারকে যাচিত তথ্যাদি প্রেরণের জন্য অর্থ বিভাগের চাহিদার প্রেক্ষিতে পরিচালক ও অধ্যাপক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত-০২ (দুই) পাতা

১৮.০২.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩

পরিচালক ও অধ্যাপক
ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস
এন্ড ইউরোলজী, শেরে বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।